মেহেরপুরে জুলাই স্মৃতিস্তম্ভে আগুন দেওয়ার চেষ্টার অভিযোগে দুই যুবক আটক

মেহেরপুরে জুলাই স্মৃতিস্তম্ভে আগুন দেওয়ার চেষ্টার অভিযোগে দুই যুবককে আটক করা হয়েছে। গতকাল বুধবার রাত ৯টার দিকে এ ঘটনা ঘটে।

আটক দুই যুবক হলেন, মেহেরপুর শহরের গোরস্থানপাড়ার ইয়ারুল ইসলামের ছেলে ইব্রাহিম ইসলাম আকাশ (২৪) এবং শিশুবাগানপাড়ার বাবু বিশ্বাসের ছেলে আলী কদর শাওন (১৯)।

স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার রাত ৯টার দিকে ওই দুই যুবক জুলাই স্মৃতিস্তম্ভে আগুন দেওয়ার চেষ্টা করেন। এ সময় স্থানীয়রা তাদের আটক করেন।

তবে কী কারণে তারা স্মৃতিস্তম্ভে আগুন দেওয়ার চেষ্টা করেছিলেন, তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।